

মেডিসিন অনুষদের রেসিডেন্সী কার্যক্রমের উপর সভা অনুষ্ঠিত

আজ সোমবার ১ জানুয়ারি ২০১৮, সকাল ১১টায় ইপনার সেমিনার রুমে মেডিসিন অনুষদের রেসিডেন্সী কার্যক্রম নিয়ে এক গুরুত্বপূর্ণ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন মিয়া, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ। সভাপতিত্ব করেন মেডিসিন অনুষদের কোর্স ডাইরেক্টর অধ্যাপক ডা. সেলিমুর রহমান। সভায় আরো উপস্থিত ছিলেন মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, সার্জারি অনুষদের কোর্স ডাইরেক্টর ডা. এএইচ এম তৌহিদুল আলম, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. শামসুন নাহার, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ প্রমুখ। সভায় রেসিডেন্টদের সিনিয়র শিক্ষকদের নীতি ও আদর্শ ফলো করার আহ্বান জানানো হয়। পাশাপাশি অধিকাংশ বিষয় নিজ নিজ বিভাগীয় পর্যায়ে সমাধানের জন্য ও রেসিডেন্টদের এ বিশ্ববিদ্যালয়ে সার্বক্ষণিক সময়দানের মাধ্যমে রোগীদের সেবা নিশ্চিত করা ও নিজেদের শিক্ষা কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য নির্দেশ দেয়া হয়।

প্যাথলজি বিভাগের বর্ষবরণ অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বিশ্ববিদ্যালয়ের সকল পরিকল্পনা সম্পন্ন হয়েছে

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা, গবেষণাসহ সকল ক্ষেত্রে এগিয়ে নেয়ার জন্য সকল পরিকল্পনা সম্পন্ন হয়েছে। মাস্টারপ্ল্যান তৈরি করা হয়েছে। ধাপে ধাপে এসব পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। ইংরেজি নববর্ষ ২০১৮-এর শুভেচ্ছা জানিয়ে তিনি আরো বলেন, বছরের প্রথম দিনটা অবশ্যই সুন্দরভাবে শুরু করতে হবে। লক্ষ্য স্থির করে সকলকিছু চ্যালেঞ্জ-এর সাথে মোকাবিলা করতে হবে। আজ সোমবার ১ জানুয়ারি ২০১৮, দুপুরে বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদ ভবনে প্যাথলজি বিভাগের উদ্যোগে আয়োজিত বর্ষবরণ ২০১৮ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এতে সভাপতিত্ব করেন প্যাথলজি বিভাগের চেয়ারম্যান ও নার্সিং অনুষদের সম্মানিত ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া। আরো বক্তব্য রাখেন প্যাথলজি বিভাগের সিনিয়র শিক্ষক অধ্যাপক ডা. মোহাম্মদ কামাল, ডা. শবনম আখতার, ডা. বিষ্ণুপদ, ডা. মঈনুল প্রমুখ। প্যাথলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া জানান, ২০১৭ সালে প্যাথলজি বিভাগে ৪০ হাজার ১৪১ জন রোগীর গুরুত্বপূর্ণ পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। ২০১৬ সালে এ সংখ্যা ছিল ৩৫৫৪২. পরীক্ষা-নিরীক্ষার মধ্যে রয়েছে সাইটো প্যাথলজি ১৮৫৯৭, হিস্টোপ্যাথলজি ১৭১৩৯, ইমিউনো হিস্টোপ্যাথলজি ১৪৫৬, ক্যারিওটাইপিং ১৪০৬, ফ্লোজেন সেকশন ২১৬, ডিআইএফ ১০৭৩, রিভিউ ২৫৪ উল্লেখযোগ্য।